আলমডাঙ্গায় মাদক সেবন ও বিক্রির অপরাধে ২জনকে কারাদণ্ড

আলমডাঙ্গার পৌর এলাকায় মাদক সেবন ও বিক্রির অপরাধে দুই নারী ও পুরুষকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার বিকেলে এই সাজা প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খাঁন জানান, শহরের এরশাদপুর মকবুল মোড় নামক এলাকায় এক যুবক প্রকাশ্যে মাদক সেবন করছে। এমন তথ্যের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এসময় দুই এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ মিন্টু হোসেন (৩৫) নামের এক সেবনকারীকে হাতেনাতে আটক করা হয়। এছাড়া হাউসপুর এলাকায় প্রকাশ্যে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রির সময় আয়েশা খাতুন (৩০) নামের এক মাদক ব্যবসায়ী নারীকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মিন্টু হোসেন ও আয়েশা খাতুনকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। মাদক সেবনের দায়ে সাজাপ্রাপ্ত নারী ও যুবককে আলমডাঙ্গা থানা পুলিশের মাধ্যমে জেলহাজতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গায় ট্রাক্টর চালক ও মালিকদের উপজেলা চত্বরে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান দুই প্রতিষ্টানকে জরিমানা

দর্শনায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে দুই প্রতিষ্টানের জরিমানা আদায় করেছে।

জানাযায় বুধবার (৩১ জানুয়ারি) দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা রেল বাজারে ভোক্তা অধিকারের চুয়াডাঙ্গার সহকারি পরিচালক সজল আহমেদ অভিযান চালায় মেসার্স সাদিয়া কসমেটিকস দোকানে।

এ সময় মেসার্স সাদিয়া কসমেটিক্স এ ভেজাল পণ্য বিক্রি করার অপরাধে দোকান মালিক আনিসুজ্জামানকে ২ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে দর্শনা আজমপুর গ্রামস্থ মেসার্স মামা ফুড প্রোডাক্টস (চানাচুর ফ্যাক্টরিতে অভিযান চালায়। অভিযান চালিয়ে মেসার্স মামা ফুড প্রোডাক্টস/ চানাচুরের ফ্যাক্টরিতে খাদ্যের সহিত নিষিদ্ধ রং মেশানো এবং অস্বাস্থ্যকর বা নোংরা পরিবেশ থাকার কারণে ফ্যাক্টরির মালিক মোঃ মামুনুর রশিদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ধারা মোতাবেক ২০হাজার টাকা জরিমানা করে।

এ অভিযানে দর্শনা থানা পুলিশের একটি চৌকস টিম অংশ নেয়।

জীবননগরে ভোক্তার অভিযান, দুই চালের মিল মালিককে জরিমানা

জীবননগরে অতিরিক্ত দামে চাল বিক্রি, ওজনে কম ও চাউলের ব্যান্ড নকল করার অপরাধে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম অভিযান চালিয়ে এ জরিমানা

আদায় করেন।

জীবননগর পৌর শহরের দত্তনগর রোডে মেসার্স এ এন জে এম অটো রাইস মিলে অভিযানে চালিয়ে দেখা যায় যথাযথভাবে পণ্য বিক্রয় না করা ও চাউলের ব্রান্ড নকল করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো.নাসির উদ্দিনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫০ ধারায় ৩০ হাজার টাকা এবং জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলায় অবস্থিত মেসার্স মা-বাবা এগ্রোফুড নামক অপর প্রতিষ্ঠানে চাউল ওজনে কম দেওয়া ও যথাযথভাবে চাল বিক্রয় না করার অপরাধে ৪৫ ও ৪৬ ধারায় প্রতিষ্ঠানের মালিক মোঃ শাজাহান আলীকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম জানান, অতিরিক্ত দামে চাল বিক্রি,চাউলের ব্যান্ড নকল করা এবং ওজনে কম দেওয়ার অপরাধে জীবননগরে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি সকল ব্যবসায়ীকে মূল্যতালিকা প্রদর্শন ও ক্রয়-বিক্রির ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেওয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়েছে।

ভ্রাম্যমাণ অভিযানে সহযোগিতা করেন, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ,জীবননগর উপজেলার স্যানিটারী ইন্সপেক্টর মোঃ আনিছুর রহমান এবং চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি টিম।

আলমডাঙ্গায় জমির মাটি কেটে ইটভাটায় বিক্রয়; দু’জনকে জরিমানা

আলমডাঙ্গায় ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিক্রির দায়ে ২ জনকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমবার (২৯ জানুয়ারি) বিকেলে উপজেলার কেদারনগর মাঠে নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার ভূমির নেতৃত্বে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামে মাঠে অবৈধভাবে ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিত্রি করা হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বিকেলে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন।

এ সময় মাটি বিক্রি ও বহন করার দায়ে স্থানীয় সরকার (ইউনিযন পরিষদ আইন ২০০৯ এর ৮৯ (২)ধারায় মাটি বয়ে নিয়ে যাওয়া গাড়ির চালক শিশির ও সাকিবকে ১৫ হাজার টাকা করে মোট ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কালে সহযোগিতায় ছিলেন থানা পুলিশের একটি টিম।

চুয়াডাঙ্গা সদর উপজেলায় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

“বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি” প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় সদর উপজেলা পরিষদ চত্বরে দু’দিন ব্যাপী এ মেলার আয়োজন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রশাসন।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় সদর উপজেলার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষর্থীদের অংশগ্রহণে এ মেলা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-

জোহরার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের উপ-পরিচালক ও অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার।

এ সময় তিনি বলেন, শিক্ষা ছাড়া কোনো জাতি ও দেশ দারিদ্র্যমুক্ত হতে পারে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে দেশ। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে পরিণত হবে। প্রতিটি শিক্ষার্থীদের নতুন প্রজন্মের প্রতি পড়ালেখার পাশাপাশি বিজ্ঞানের ওপর আরো বেশি চর্চা ও গবেষণার আহবান জানান। বর্তমানে বিজ্ঞান প্রযুক্তির বিশ্বে টিকে থাকতে হলে শিক্ষার্থীদের বিজ্ঞানের ওপর আরো বেশি লেখাপড়া, চর্চা ও গবেষণা করতে হবে। কেননা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে বিজ্ঞানের ওপর ব্যাপক গবেষণার প্রয়োজন।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার সোহেল আহম্মেদের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, ভাইস চেয়ারম্যান গরীব রুহানি মাসুম।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা আফরিন বিনতে আজিজ। সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন।

আলোচনা সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিকাশ কুমার সাহা। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী জারিন তাসনিম।

এ সময় সদর উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেলায় মাধ্যমিক পর্যায়ে ১৫টি ও কলেজ পর্যায়ে তিনটি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। আগামীকাল আনুষ্ঠানিক ভাবে সমাপ্তি ও পুরষ্কার প্রদান করা হবে।

চুয়াডাঙ্গায় ট্রাফিক পুলিশের অভিযানে মোটরসাইকেল জব্দ

চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়।

আজ সোমবার সকাল থেকে বিকাল পর্যন্ত চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে এই অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭টি কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়।

অভিযানের বিষয়ে চুয়াডাঙ্গা ট্রাফিক বিভাগের টি আই হাসান বলেন জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা নির্দেশনায় জেলায় অবৈধ যানবাহন চলাচল বন্ধের লক্ষ্যে ট্রাফিক পুলিশের অভিযান চলমান রয়েছে। তবে যখন যে এলাকায় অবৈধ যানবাহন চলাচল বেড়ে যায়, তখন সে এলাকায় আমরা অভিযান পরিচালনা করি।

এরই ধারাবাহিকতায় সকাল হতে দিনব্যাপী চুয়াডাঙ্গা সদর উপজেলার দশ মাইল বাজার, সরোজগঞ্জ বাজার এবং ডিঙ্গেদহ সহ বিভিন্ন এলাকায় চেকপোস্ট বসিয়ে এ বিশেষ অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭ টি অবৈধ কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

তিনি আরও জানান, আটককৃত অবৈধ ও কাগজপত্র বিহীন মোটরসাইকেল গুলো চুয়াডাঙ্গা সদর থানায় হেফাজতে রাখা হয়েছে। অভিযান পরিচালনার সময় উপস্থিত ছিলেন জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট বুলবুল, সার্জেন্ট তাজরুল হক, টিএসআই মোমিন সহ ট্রাফিক পুলিশ ও জেলা পুলিশের অন্যান্য সদস্যবৃন্দ।

দামুড়হুদায় বিচালি বোঝায়

পাওয়ারট্রলি গাছের সাথে ধাক্কা ; আহত ২

দামুড়হুদা উপজেলার কাঁঠালতলা নামক স্থানে বিচালি বোঝায় পাওয়ারট্রলি রাস্তার পাশে থাকা একটা গাছের সাথে ধাক্কা মারে, এতে আহত হয় ২ জন।

আজ সোমবার সকাল ৭ টার দিকে এ দূর্ঘটনা ঘটে। আহতরা হলো দামুড়হুদা উপজেলার হেমায়েতপুর গ্রামের বজলুর রহমানের ছেলে মোঃ বিপ্লব হোসেন (২৮) ও মোঃ নজরুল ইসলামের ছেলে মোঃ ফারুক আলি (৩২)।

স্থানীয় সুত্রে জানাগেছে, গতকাল সোমবার সকালে পাওয়ার ট্রলিতে বিচালি বোঝায় করে চুয়াডাঙ্গা যাওয়ার সময় দামুড়হুদা উপজেলার দর্শনা টু চুয়াডাঙ্গা সড়কের জয়রামপুর কাঁঠালতলা বাজারের সন্নিকটে রাস্তার পাশে থাকা একটি বাবলা গাছের সাথে ট্রলিটি ধাক্কা খেয়ে রাস্তার উপর উল্টে গেলে উক্ত গাড়ির চালক ও গাড়ির উপরে বসে থাকা আরোহি পিচ রাস্তার উপরে ছিটকে পড়ে মারাত্মক ভাবে আহত হয়।

সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ও স্থানীয় লোকজন দুজনকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক তাদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে দুই জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করে। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চার ঘণ্টা চিকিৎসা দেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক রাজশাহী রেফার্ড করেন।

প্রত্যক্ষদর্শী লিয়াকত আলী বলেন, একটি পাওয়ার ট্রলি বিচালি বোঝাই করে নিয়ে চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিল, হঠাৎ কাঁঠালতালা বাজারে পৌঁছালে রাস্তার পাশে থাকা বাবলা গাছের ডালের সাথে গাড়িটি বেঁধে উল্টে যায়, এতে চালক সহ ২ জন মারাত্মক আহত হয়। রাস্তার দুইধারে থাকা গাছগুলোর ডালপালা প্রধান সড়কের উপরে এসে পড়েছে, এসব ডালপালা গুলো অতি দ্রুত কেটে ফেলা উচিত। তা না হলে যেকোনো সময় প্রাণহানির ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন স্থানীয়রা।

দর্শনায় কেরু সিবিএ নির্বাচনী প্রচরণা শুরু করলেন মাসুদ সংগঠন

দর্শনা কেরুজ সিবিএ নির্বাচন আগামী বছর ২৫ সালের ফেব্রুয়ারি মাসে।তাই আগাম প্রচারনায় নামলেন মাসুদ সংগঠনের উত্তরসূরি সৌমিক হাসান রুপম।

আজ রবিবার (২৮ জানুয়ারি) সন্ধা থেকে বয়লিং হাউজ,ফিডার কারখানা ডিষ্টিলারীসহ বিভিন্ন জায়গায় শ্রমিকদের কাছে ভোট চাইলেন সৌমিক হাসান রুপম।

কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ বলেন,আমার চাকুরী নভেম্বর দিকে শেষ হয়ে যাচ্ছে তাই আমি আমার উত্তরসূরি হিসাবে আমার ছেলেকে মাসুদ সংগঠনের কর্মীদের রুপমের কাছে তুলে দিলাম। তাই আগামী নির্বাচনে আমার ছেলেকে সাধারন সম্পদক হিসাবে আজ থেকে নির্বাচনী প্রচারনা শুরু করলাম।

এ সময় নির্বচনী প্রচারণায় উপস্থিত ছিলেন, কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, মাওলা বক্স, সিডিএ এনায়েতুল্লাহ, আব্দুল মান্নান জামাত আলী, শহিদুল ইসলাম,সহ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন, কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সদস্যসদস্য শরিফুল ইসলাম, সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস,আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব, হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, ওয়ে পি খন্দকার কায়েস আব্দুল্লা, সাজেদুর রহমান তুফান, আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি, মতিয়ার বড় বাবু সাহেব আলী

শিকদার, সাকি মাহমুদ, সুইট সাইদ ড্রাইভার, জিন্টু ড্রাইভার, লিটন বয়লার, ফিরোজ আহম্মেদ টিটু, জিল্লু, শাহিন ইমরান,কবির প্রমুখ।

জীবননগরে ক্লিনিকের নার্সকে গলা কে*টে হ*ত্যা

জীবননগরে হাফিজা খাতুন (৩০) নামের এক নার্সকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল শনিবার রাত সাড়ে ৮টার দিকে পৌর এলাকার মা নার্সিং হোম ক্লিনিকের মধ্যে এ ঘটনা ঘটে।

হাফিজা খাতুন ওই ক্লিনিকের নার্স হিসেবে কর্মরত ছিলেন। ঘটনার সঙ্গে কারা জড়িত এটা এখনো জানা যায়নি।
ক্লিনিকের এক সহকর্মী জানান, রাতে ক্লিনিকের দ্বিতীয়তলায় হাফিজার সাথে আলাপচারিতা শেষে তৃতীয় তলায় যান। পরবর্তীতে কিছুক্ষন পর দ্বিতীয়তলায় এসে হাফিজাকে রক্তাক্ত অবস্থায় দেখেন তিনি। কারা এমন ঘটনা ঘটিয়েছে জানা নেই। পরে স্থানীয়দের সহযোগীতায় রক্তাক্ত অবস্থায় হাফিজা খাতুনকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষনা করেন।

তিনি আরও বলেন, সকালে নিহতের স্বামী এই ক্লিনিকে এসেছিলেন। হাফিজার সঙ্গে কোন কারণে বাকবিতণ্ডতা হয়। এরপরই সেখান থেকে তিনি চলে যান।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. রাগবির হাসান বলেন, হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে। ধারাল অস্ত্র দিয়ে গলা কেটে হত্যা করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দিন আল আজাদ (পিপিএম-সেবা) ও চুয়াডাঙ্গা সার্কেল এসপি জাকিয়া সুলতানা ঘটনাস্থল পরিদর্শন করেন।